অস্ত্র মামলায় গাংনীর ইউপি মেম্বর জাহাঙ্গীর গ্রেফতার

বগুড়া সদর থানায় আগ্নেয়াস্ত্র আইনের মামলার এজাহার নামীয় আসামী মটমুড়া ইউনিয়ন পরিষদের সদস্য (মেম্বর) জাহাঙ্গীর আলম (৪২) কে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

জাহাঙ্গীর আলম গাংনী উপজেলার হোগলবাড়িয়া গ্রামের মৃতু চায়েন উদ্দীনের ছেলে ও মটমুড়া ইউনিয়ন পরিষদের ৪ নং ওয়ার্ডের একাধিকবার নির্বাচিত সাধারণ সদস্য (মেম্বর)।

শুক্রবার রাত ৯ টার সময় গাংনী থানা পুলিশের একটি টীম গোপন সংবাদে হোগলবাড়িয়া বাজারে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন।

গাংনী থানার উপপরিদর্শক (এসআই) মাসুদ সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন। তার নামে বগুড়া সদর থানায় আগ্নেয়াস্ত্র আইনে একটি মামলা রয়েছে। যার নং এসটিসি ১৬৪/২০০৯ ইং। মামলায় আদালতের পরোয়ানাভূক্ত পেয়ে তাকে গ্রেফতার অভিযান চালান গাংনী থানা পুলিশ।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক জানান, আদালতের গ্রেফতারী পরোয়ানা পেয়ে গাংনী থানা পুলিশের একটি টীম অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে। শনিবার সকালের দিকে গ্রেফতারকৃত মেম্বর জাহাঙ্গীর আলমকে আদালতে পাঠানো হবে।

উল্লেখ্য, জাহাঙ্গীর আলম মটমুড়া ইউনিয়ন পরিষদে একাধিকবার সাধারণ সদস্য নির্বাচিত হয়েছেন। বগুড়া থানা পুলিশের অস্ত্র আইনে দায়ের করা মামলায় সে জামিনে ছিলেন বলে তার পরিবারের পক্ষ থেকে জানানো হয়েছে।

কোটচাঁদপুরে বন্ধুর দেয়া কোমলপানীয় পান করে মটরসাইকেল খোয়ালেন মেহেদি

বন্ধুর দেয়া কোমলপানীয় পান করে মটরসাইকেল খোয়ালেন আরেক বন্ধু মেহেদি হাসান। বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানায় অভিযোগ করেছেন ভুক্তভোগীরা। বৃহস্পতিবার রাতে এ ঘটনাটি ঘটেছে উপজেলার কাগমারি গ্রামে।

মেহেদি হাসানের চাচা হাসান ইকবল বলেন, বৃহস্পতিবার রাতে মামুন মেহেদিকে মোবাইলে ডাক দিয়ে স্থানীয় মৎস্য হ্যাচারি অফিসের মধ্যে নিয়ে যান। এরপর পরিকল্পনা অনুযায়ী তাকে কোমলপানীয় পান করান। সে অচেতন হয়ে গেলে, তাঁর পালসার মটরসাইকেলটি নিয়ে যান তারা।

সংবাদ পেয়ে আমরা ঘটনাস্থলে ছুটে গিয়ে মেহেদিকে অচেতন অবস্থায় পড়ে থাকতে দেখি। পরে তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করানো হয়। বর্তমানে মেহেদি ওই কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে। মেহেদি কাগমারি গ্রামের রশিদুল ইসলামের ছেলে। আর মামুন ওই গ্রামের আজিবর রহমানের ছেলে।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানায় একটা অভিযোগ করা হয়েছে। কোটচাঁদপুর থানার উপপরিদর্শক সিরাজুল আলম জানান, ওই ঘটনায় একটা অভিযোগ হয়েছে। এটা কোন চুরি বা ছিনতাই না। এটা একটা প্রতারনার ঘটনা। যারা ঘটিয়েছে,তাঁরা তার পরিচিত ছিল। তবে ঘটনা তদন্ত করার পর, মূল তথ্য পাওয়া যাবে।

গাংনীতে ৭৫ বোতল ফেনসিডিলসহ দুই মাদক বিক্রেতা আটক

গাংনীর ভবানীপুর পুলিশ ফাঁড়ির সদস্যরা মাদক বিরোধী অভিযান

চালিয়ে ৭৫ বোতল ফেনসিডিল সহ দুই মাদক কারবারীকে আটক করেছেন।

আটকরা হলেন কৃুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার চকদৌলতপুর গ্রামের পূর্বপাড়া এলাকার মৃত মুঞ্জেল শেখের ছেলে ময়নাল শেখ (২৭) ও একই উপজেলার তারাগুনিয়া গ্রামের কৈপালপাড়া এলাকার মতিউর রহমানের ছেলে মেহেদী হাসান (২৬)।

গতকাল বৃহস্পতিবার দিবাগত রাত আনুমানিক পৌনে ৮ টার দিকে গাংনী উপজেলার রামনগর বাজার মোড় এলাকায় অভিযান চালিয়ে ফেনসিডিলসহ এই দুই মাদক কারবারীকে আটক করেন পুলিশ।

এসময় মাদক বহন করার কাজে ব্যবহৃত একটি হিরো হোন্ডা মোটরসাইকেল যার নং (কুষ্টিয়া-হ, ১২-৬৬৫৩) জব্দ করা হয়েছে।

ভবানীপুর পুলিশ ফাঁড়ির ইনচার্জ উপপরিদর্শক (এসআই) জহির রায়হান, এএসআই শরীফ আবুল কালাম ও সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযানে অংশ নেন।

ভবানীপুর পুলিশ ফাঁড়ির ইনচার্জ উপপরিদর্শক (এসআই) জহির রায়হান বলেন, রামনগর মোড় হয়ে মাদকের একটি চালান পাচার হবে এমন গোপন সংবাদে সেখানে অবস্থান নেয়া হয়। পরে ওই দুজন মাদক ব্যবসায়ী মোটরসাইকেল যোগে ফেনসিডিল নিয়ে যাওয়ার সময় পুলিশ মোটরসাইকেলের গতিরোধ করে। পুলিশের উপস্থিতি টের পেয়ে তারা মাদক ফেলে পালানোর চেষ্টা করলে তাদের আটক করা হয়।

ফেনসিডিল উদ্ধারের ঘটনায় গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। আজ শুক্রবার (১৫ জুলাই) আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে বলে জানান এসআই জহির রায়হান।

মুজিবনগরের রশিকপুরে জোর করে

জমি দখল

মুজিবনগর উপজেলার রশিকপুর গ্রামে ফসলের বেড়া কেটে জোর করে জমি দখলের অভিযোগ উঠেছে প্রতিপক্ষের বিরুদ্ধে। এঘটনায় মুজিবনগর থানায় একটি লিখিত অভিযোগ করেছেন ভূক্তভোগী পরিবার। আজ শুক্রবার (১৫ জুলাই) সকালের দিকে জমি দখলের এ ঘটনা ঘটে।

ভূক্তভোগী আব্দুল মাজেদ খান বলেন, রশিকপুর গ্রামের মৃতু দলিল শেখের ছেলে কেরা বাবু ও তার ছেলে রশিদুল শেখ, কুদ্দুছ শেখের ছেলে সিরাজ শেখ ও মৃত তাহাজ উদ্দীনের ছেলে আকামুল ইসলাম আজ সকালের দিকে আমার কলা ক্ষেতের বেড়া কেটে জমি দখল করে।

এসময় আমি ও আমার পরিবারের লোকজন তাদের বাধা দিতে গেলে ধারালো হাসুয়া দিয়ে কুপিয়ে হত্যার হুমকী দিয়ে তাড়িয়ে দেই। তারা আমার পরিবারের লোকজনকে হত্যার হুমকী দিচ্ছে। যার কারণে আমার পরিবারের লোকজন এখন আশংকার মধ্যে রয়েছে। জমি দখলকারীরা মাদক বিক্রেতা ও সন্ত্রাসী বলেও জানান তিনি।

আব্দুল মাজেদ আরও বলেন, ওই দখলদাররা আমার জমির প্রায় দুই বিঘা কলা ক্ষেত কেটে তছরুপাত করেছে। এতে আমার প্রায় দুই লক্ষাধিক টাকার ক্ষতি সাধিত হয়েছে।

এঘটনায় আব্দুল মাজেদ খান মুজিবনগর থানায় একটি লিখিত অভিযোগ দিলে মুজিবনগর থানা পুলিশের একটি টীম ঘটনাস্থলে পৌছালে পালিয়ে যায় দখলকারীরা।

বিশ্বনাথপুর পুলিশ ফাঁড়ির ইনচার্জ উপপরিদর্শক (এসআই) সিহাব উদ্দীন জানান অভিযোগ পাওয়ার পর ঘটনাস্থলে গিয়ে জোর করে দখল করা বন্ধ করে দিয়ে এসেছি। ভুক্তভোগী থানায় মামলা দিলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল বলেন, লিখিত অভিযোগ পাওয়া গেছে।

গাংনীর সাহারবাটি গ্রামের সব্জী হ্মেত কর্তনের মামলায় গ্রেফতার ২

গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের কৃষক মোহন আলীর জমির সব্জী হ্মেত কাটা মামলায় ২ জন আসামীকে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

গ্রেপ্তারকৃতরা হলেন সাহারবাটি গ্রামের নুরুল ইসলামের ছেলে মফিজির রহমান পিন্টু ও সিরাজুল ইসলামের ছেলে বাবর আলী। গতকাল মঙ্গলবার দিবাগত রাতে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়। মামলার আইও গাংনী থানার উপপরিদর্শক (এসআই) নুরুল ইসলাম নুর এ তথ্য নিশ্চিত করেছেন।

গ্রেফতারকৃতদের আজ বুধবার (১৩ জুলাই) আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

জানা গেছে, গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের কৃষক মোহন আলীর চার বিঘা জমির সব্জী লাউ ও মিষ্টি কুমড়া হ্মেত গত সোমবার (১১ জুলাই) দিবাগত রাতে কেটে দেই দূর্বৃত্তরা। এঘটনায় কৃষক মোহন আলী বাদী হয়ে এজহার নামীয় ৩ জন ও অজ্ঞাত নামা ৪ জনকে আসামী করে একটি মামলা দায়ের করেন। যার মামলা ১৭। তারিখ ১২/০৭/২০২২ ইং।

এই মামলায় এজাহার নামীয় আসামী মফিজুর রহমান পিন্টু ও বাবর আলীকে গ্রেফতার করা হলো। বাকী আসামীদের গ্রেফতার অভিযান চলছে বলে জানান এসআই নুর।

দর্শনা সীমান্তে থেকে প্রায়

সাড়ে ১১লক্ষ টাকার রুপার গহনা উদ্ধার

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার সীমান্তবর্তী দর্শনা থানার ফুলবাড়ী গ্রামের মাঠ থেকে ৮কেজি ৮০০ কেজি (৭৫৪ ভরি) ওজনের উন্নত মানের রুপার গহনা উদ্ধার করেছে চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়ন।

শুক্রবার বিকাল ৫টার দিকে সীমান্তের ১০০গজ বাংলাদেশের অভ্যন্তরের ফুলবাড়ী গ্রামের মাঠের একটি পাট ক্ষেত থেকে পরিত্যাক্ত অবস্থায় এই গহনা উদ্ধার করা হয়।

চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়নের পরিচালক শাহ মোঃ ইশতিয়াক, পিএসসি শুক্রবার সন্ধ্যায় এক প্রেস বিজ্ঞতিতে জানান, গোপন সংবাদের ভিত্তিতে তিনি জানতে পারেন ফুলবাড়ী মাঠের মধ্যে দিয়ে রুপার একটি বড় চালান পাচার করা হচ্ছে।

এমন সংবাদের ভিত্তিতে তিনি সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা থানার ফুলবাড়ী সীমান্তের মেইন পিলার ৮৫ হতে আনুমানিক ১০০ গজ বাংলাদেশে অভ্যন্তরে ফুলবাড়ী মাঠের একটি পাট ক্ষেতে অভিযান চালিয়ে পরিত্যক্ত অবস্থায় ৮কেজি ৮০০ গ্রাম (৭৫৪ ভরি) ওজনের ভারতীয় তৈরী রুপার গহনা উদ্ধার করে।

উদ্ধারকৃত গহনার আনুমানিক মূল্য ১১ লক্ষ ৩১ হাজার টাকা। এব্যপারে নায়েব সুবেদার মোস্তাফিজুর রহমান বাদী হয়ে দর্শনা থানায় মামলা দায়ের করেছে। উদ্ধারকৃত গহনা চুয়াডাঙ্গা ট্রেজারী অফিসে জমা দেওয়া হয়েছে।

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবির মেহেরপুর প্রতিদিনকে বলেন এ রুপা উদ্ধকরের ঘটনায় এখনো পর্যন্ত কোন মামলা দেয়নি বিজিবি।

মেহেরপুরে ৬ মাসের সাজাপ্রাপ্ত আসামী গ্রেফতার

মেহেরপুর সদর থানা পুলিশ অভিযান চালিয়ে ৬ মাসের সাজাপ্রাপ্ত আসামী ওমর আলীকে (৫৫) গ্রেফতার করেছেন।
ওমর আলী মেহেরপুর শহরের ফুলবাগানপাড়া এলাকার আব্দুল বারীর ছেলে।

মেহেরপুর সদর থানার এএসআই শাকিল গোপন সংবাদে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন। অর্থঋণ আদালতের মামলা নং পারিজারি ৩/২১ রয়েছে। এ মামলায় ওমর আলীকে আদালত ৬ মাসের কারাদন্ড দিয়েছে।

গ্রেফতার এড়াতে সে বিভিন্ন স্থানে পালিয়ে বেড়াচ্ছিল। মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দীন এ তথ্য নিশ্চিত করেছেন।

গ্রেফতারকৃত ওমর আলীকে আজ শুক্রবার (৮ জুলাই) সকাল ১০ টার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের নিয়মিত অভিযানে ৪ জন গ্রেফতার

মেহেরপুর সদর ও মুজিবনগর থানা পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলায় আদালতের পরোয়ানাভূক্ত ৪ জন আসামী গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে সদর থানা পুলিশ আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ২ ও সিআর মামলায় ১ জন ও মুজিবনগর থানা পুলিশ আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলায় ১ জন আসামী গ্রেফতার করেছেন।

গতকাল বৃহস্পতিবার (৭ জুলাই) সকাল থেকে আজ শুক্রবার (৮ জুলাই) ভোররাত পর্যন্ত সদর ও মুজিবনগর উপজেলার বিভিন্ন স্থানে পৃথক

অভিযানে এসব আসামী গ্রেফতার হন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দীন আহম্মেদ ও থানার মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল অভিযানের নেতৃত্ব দেন।

গ্রেফতারকৃত আসামীদের আজ শুক্রবার (৮ জুলাই) সকালে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীর সাহারবাটি ইাউনিয়ন পরিষদের নারী সদস্যের উপর হামলা

গাংনীর সাহারবাটি ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত নারী সদস্য আসমা খাতুনের উপর হামলার ঘটনা ঘটেছে।

হামলাকারী আক্তার হোসেন সাহারবাটি ইউনিয়নের ভোমরদহ গ্রামের আইওল ফকিরের ছেলে ও ৩ নং ওয়ার্ডে ভোমরদহ গ্রামের সাধারণ সদস্য (মেম্বর) সাবান আলীর ভাইস্তে।

আজ বৃহস্পতিবার দুপুরের দিকে সাহারবাটি ইউনিয়ন পরিষদের সামনে এ হামলার ঘটনা ঘটে।

আহত আসমা খাতুন বর্তমান গাংনী উপজেলা হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

সাহারবাটি ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ শ্রী প্রভাস কুমার জানান, আজকে চাল বিতরণ ছিল। পবিত্র ঈদের ভিজিএফ’র চাল বিতরণ চলছিল।আক্তার হোসেনও ভিজিএফ’র চাল নিতে এসেছিলেন। চাল নিয়ে ফেরার পথে আসমা খাতুনকে পরিষদের সামনে হামলা শুরু করেন।আসমাকে অনাকাংখিতভাবে হামলা করে রক্তাক্ত করেছে সে। তার আত্মচিৎকারে আমরা ছুটে গেলে সে পালিয়ে যায়। পরে আসমা খাতুনকে উদ্ধার করে গাংনী হাসপাতালে ভর্তি করা হয়।

সাহারবাটি ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের ভোমরদহ গ্রামের সদস্য ও হামলকারীর চাচা সাবান আলী মেম্বর বলেন, এখন সবাই আমাকে দোষ দিচ্ছেন। সে আমার ভাইস্তে হলেও আমি জানিনা কি কারণে মেম্বরের উপর হামলা করেছে সে। আমি জানি তার আইডি কার্ড নিয়ে চাল নিতে এসেছে। এর মধ্যে মেম্বরকে হামলা করেছে। আমি এই হামলার তীব্র নিন্দা জানাচ্ছি।

মেহেরপুরে রিকসা চুরি করতে গিয়ে শহরের হাবিব আটক

মেহেরপুর শহরের হঠাৎপাড়া এলাকায় ব্যাটারী চালিত রিকসা চুরি করতে গিয়ে হাতে নাতে ধরা খেলেন হাবিবুর রহমান ওরফে হাবিব (৩৯) নামের এক ব্যক্তি।
চোর সন্দেহে আটক হাবিব মেহেরপুর শহরের হঠাৎপাড়া এলাকার মৃতু তোফায়েল হোসেনের ছেলে।
বুধবার (৬ জুলাই) দিবাগত রাত সাড়ে ৯ টার দিকে সদর উপজেলার ঝাঁউবাড়িয়া গ্রামের রিকসা চালক আসফার আলীর রিকসা চুরি করে পালানোর সময় লোকজন তাকে ধরে ফেলে। পরে উত্তম মাধ্যম দিয়ে মেহেরপুর সদর থানা পুলিশে সোপর্দ করেন স্থানীয়রা।
এঘটনায় রিকসার মালিক আসপার আলী বাদী হয়ে হাবিবের বিরুদ্ধে রিকসা চুরির অভিযোগ এনে মেহেরপুর সদর একটি মামলা দায়ের করেন। যার মামলা নং ১৫, তারিখ, ০৬/০৭/২০২২ ইং।
চুরির মামলায় একমাত্র আসামী হিসেবে গ্রেফতার দেখিয়ে আজ বৃহস্পতিবার সকালে হাবিবকে আদালতে পাঠানো হয়েছে।
মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মেজবাহ উদ্দীন আহম্মেদ এ তথ্য নিশ্চিত করেছেন।